

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ফেব্রুয়ারি ২০, ২০২৪

[একই স্মারক নম্বর ও তারিখে স্থলাভিষিক্ত হইবে]

বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

সংশোধিত

তারিখ : ০২ জানুয়ারি ২০২৪

**বিষয়:** ২৬৮ নোয়াখালী-১ সংসদীয় আসনে স্বতন্ত্র প্রার্থী জনাব খন্দকার আর আমিন এর দ্বৈত নাগরিকত্ব (যুক্তরাষ্ট্র) থাকায় Representation of the People Order, 1972 এর Article 91E এর Clause (2) এর বিধান অনুযায়ী তাঁর প্রার্থিতা বাতিল প্রসঙ্গে।

নং ১৭.০০.০০০০.০৪৭.৬৩.০৭২.২৩-০২—উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ২৬৮ নোয়াখালী-১ সংসদীয় আসনে স্বতন্ত্র প্রার্থী জনাব খন্দকার আর আমিন এর দ্বৈত নাগরিকত্ব (যুক্তরাষ্ট্র) সংক্রান্ত অভিযোগের বিষয়ে দায়েরকৃত রিট পিটিশন নং-১৬৬৯২/২০২৩ এ মাননীয় হাইকোর্ট বিভাগ উক্ত অভিযোগের বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের নির্দেশনা প্রদান করেন। বর্ণিত প্রতিদ্বন্দ্বী প্রার্থীকে শুনানীর যুক্তিসংগত সুযোগ প্রদান করে তদন্ত শেষে উক্ত অভিযোগটির সত্যতা পাওয়া যায়। ২৭ ডিসেম্বর ২০২৩ তারিখে মাননীয় হাইকোর্ট বিভাগ উক্ত তদন্ত প্রতিবেদনের আলোকে বর্ণিত প্রার্থী জনাব খন্দকার আর আমিন এর প্রার্থিতা সংক্রান্তে যথাযথ আইনানুগ প্রক্রিয়া অবলম্বন করে উপযুক্ত আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য বাংলাদেশ নির্বাচন কমিশনকে নির্দেশনাসহ রায় প্রদান করেছেন। মাননীয় হাইকোর্ট বিভাগের উপরিউক্ত রায়ের বিরুদ্ধে বর্ণিত জনাব খন্দকার আর আমিন পিটিশনার হয়ে মাননীয় আপীল বিভাগে সিভিল মিসসেলেনিয়াস পিটিশন (সিএমপি) নং-১২৩৩/২০২৩ দায়ের করেন যা ০২ জানুয়ারি ২০২৪ তারিখে শুনানীঅন্তে খারিজ করা হয়। প্রসঙ্গত, বর্ণিত প্রার্থী মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব বহাল থাকাবস্থায় দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে সংসদ সদস্য পদে দাখিলকৃত মনোনয়নপত্রের ১ম খন্ডের

( ১৭১৫ )

মূল্য : টাকা ৪.০০

তৃতীয় অংশে উল্লিখিত ১(খ) দফায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ৬৬(২) অনুযায়ী সংসদ সদস্য নির্বাচিত হওয়ার বা থাকার অযোগ্য নন মর্মে মিথ্যা ঘোষণা প্রদান করে বাংলাদেশের সংবিধান এবং নির্বাচন পরিচালনা বিধিমালা, ২০০৮ এর বিধান লঙ্ঘন করে সংসদ সদস্য নির্বাচিত হওয়ার বা থাকার অযোগ্য মর্মে বিবেচিত হয়েছেন।

০২। মাননীয় হাইকোর্ট বিভাগ কর্তৃক রিট পিটিশন নং-১৬৬৯২/২০২৩ এ ২৭ ডিসেম্বর ২০২৩ তারিখের প্রদত্ত রায় মোতাবেক Representation of the People Order, 1972 এর Article 91E এর Clause (2) এর বিধান অনুযায়ী বর্ণিত স্বতন্ত্র প্রার্থী জনাব খন্দকার আর আমিন এর প্রার্থীতা বাতিল করার বিষয়ে মাননীয় নির্বাচন কমিশন সদয় সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

০৩। এমতাবস্থায়, বর্ণিত কারণে Representation of the People Order, 1972 এর Article 91E এর Clause (2) এর বিধান অনুযায়ী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ২৬৮ নোয়াখালী-১ নির্বাচনি এলাকায় আপনার প্রার্থীতা বাতিল করা হলো।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ আব্দুছ সালাম

উপসচিব (আইন)।